

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৫৭৩

আগরতলা, ১৪ জানুয়ারি, ২০২৪

রাজভবনে সংক্রান্তি সমবারালু উদযাপন



মকর সংক্রান্তি উপলক্ষে রাজভবনের দরবার হলে আজ ‘সংক্রান্তি সমবারালু’ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। রাজ্যপাল ইন্দুসেনা রেডিডি নাল্লু প্রদীপ জ্বালিয়ে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তেলেগু ভাষীরা বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বিশ্বব্যাপী ও বিভিন্ন রাজ্যে তেলুগু ভাষী জনগণকে শুভেচ্ছা জানান। যারা সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশ নিয়েছেন তাদেরও তিনি ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সংক্রান্তি উপলক্ষে সবাইকে অভিনন্দন জানান এবং এই অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পেরে সঙ্গোষ্ঠী প্রকাশ করেন। রাজভবনে সংক্রান্তি সমবারালু উদযাপন অনুষ্ঠানে ত্রিপুরা হাই কোর্টের বিচারপতি অমরনাথ গৌড়, রাজ্যপালের সচিব উত্তম কুমার চাকমা ও উচ্চপদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

\*\*\*\*\*